

## আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলো যুক্তরাজ্যের ন্যাশনাল মজলিসে আমেলা



### বহুবিধ প্রশাসনিক ও ধর্মীয় বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করলেন হুযূর আকদাস

১৭ জানুয়ারি ২০২১ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর সাথে এক ভার্চুয়াল (অনলাইন) আনুষ্ঠানিক সভায় মিলিত হওয়ার সুযোগ লাভ করলো আহমদীয়া মুসলিম জামা'ত যুক্তরাজ্যের ন্যাশনাল মজলিসে আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ) এবং বৃহত্তর লন্ডন এলাকার রিজিওনাল আমীর/প্রেসিডেন্টবন্দ।

৫৫-মিনিটের এ সভায় উপস্থিত সকলেই হুযূর আকদাসের সাথে কথোপকথনের এবং বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ পান।

সভায় হুযূর আকদাস বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন যে, ন্যাশনাল সেক্রেটারি তরবিয়তকে (আহমদীদের নৈতিক প্রশিক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত) নিশ্চিত করতে হবে যে, স্থানীয় পর্যায়ে কর্মরত তরবিয়ত সেক্রেটারিগণ যেন আহমদীদের নৈতিক এবং ধর্মীয় প্রশিক্ষণ প্রদানের ব্যাপারে অত্যন্ত সক্রিয় ভূমিকা পালন করেন।

হুযূর আকদাস অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনের মাধ্যমে নেতৃত্ব প্রদানের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে আমেলা সদস্যদেরকে পবিত্র কুরআনের শিক্ষা প্রদান কিংবা বৃহত্তর জনগোষ্ঠীর নিকট ইসলামের শিক্ষা পৌঁছে দেওয়ার জন্য ওয়াক্ফে আরযীর ওয়াদা অর্থাৎ, দু'সপ্তাহ সময় উৎসর্গ করা প্রয়োজনীয়তার কথা বলেন।

ন্যাশনাল সেক্রেটারি ওয়াক্ফে আরযীর উদ্দেশে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:



“প্রথমে সকল কেন্দ্রীয় সংগঠনের খোদাম, আনসার ও লাজনার আমেলা সদস্যের প্রতি এবং তারপর পর্যায়ক্রমে আঞ্চলিক ও স্থানীয় আমেলা সদস্যগণ ও অন্যদের প্রতি আপনার মনোযোগ নিবদ্ধ করা উচিত। যদি তারা এই ওয়াক্ফে আরযী প্রকল্পে অংশগ্রহণ করেন, তাহলে অন্যরাও তাদেরকে অনুসরণ করবেন।”

হুযূর আকদাস এ ছাড়াও আহমদীদেরকে সরকারি চাকুরি, যেমন, সিভিল সার্ভিসে যোগদানে উৎসাহিত করার গুরুত্বের প্রতি জোর দেন।

অন্যান্য বিভাগীয় প্রতিবদনের সাথে বায়তুল ফুতুহ মসজিদ পুনর্নির্মাণের অগ্রগতি সম্পর্কে একটি বিশেষ ভিডিও প্রতিবেদন উপস্থাপন করা হয়।







বায়তুল ফুতুহ মসজিদ কমপ্লেক্স সম্পর্কে জানানো হয় যে, ভবনের বহির্ভাগের কাজ এখন বেশিরভাগ সম্পন্ন হয়েছে। তবে, এই প্রকল্প শেষ হওয়ার আগে উল্লেখযোগ্য অভ্যন্তরীণ কাজ বাকি রয়ে গেছে। পুনর্নির্মিত কাঠামোতে নবায়নযোগ্য শক্তি সরবরাহের জন্য সৌর প্যানেল বসানো হয়েছে। সম্পূর্ণ তৈরি হওয়ার পর ভবনটিতে বিভিন্ন হল, অফিস এবং আবাসনের ব্যবস্থাও অন্তর্ভুক্ত করা হবে।

যুক্তরাজ্যের আহমদীদের ব্যবস্থাপনায় প্রতিষ্ঠিত আন্তর্জাতিক তালীম-উল-কুরআন অ্যাকাডেমি সম্পর্কে আরেকটি প্রতিবেদন ছিল। বর্তমানে ৪৫০ জনেরও বেশি শিক্ষার্থী ভিন্ন ভিন্ন ১৫টি দেশ থেকে এখানে ভর্তি হয়েছে এবং তারা প্রতি সপ্তাহে কয়েক ঘণ্টার শিক্ষণ লাভ করে থাকে।